



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

‘শেখ হাসিনার মূলনীতি,  
গ্রাম শহরের উন্নতি’

স্মারক নং- ৪৬.০২০.০০৪.০০১.২০১৪ (অংশ-২)

তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
১৬ জানুয়ারি, ২০২১

আইনজীবী পুনর্নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি বাংলাদেশ সুপ্রিমকোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগে মামলা পরিচালনার জন্য হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে তালিকাভুক্ত ০৪ (চার) জন বিজ্ঞ আইনজীবী নিয়োগের লক্ষ্যে আইনজীবীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা, মাতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বয়স ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত দিতে হবে;
- আবেদনের সঙ্গে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে দিতে হবে;
- আবেদনকারীর বয়স ৩১/০১/২০২১ তারিখের মধ্যে ৬০ বছরের মধ্যে হতে হবে; তবে অবসরপ্রাপ্ত জেলা জজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;
- আবেদনের সঙ্গে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র এবং হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগের তালিকাভুক্তির সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
- বাংলাদেশ হাইকোর্ট বিভাগের আইনজীবী হিসাবে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তবে আপিল বিভাগের তালিকাভুক্তি এবং মামলা পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণকে অগ্রাধিকার দেয়া হবে;
- আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;
- আবেদনকারী অন্য কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
- নিযুক্ত আইনজীবীকে সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং নির্ধারিত বিধি-বিধান মোতাবেক ফি প্রদান করা হবে;
- উক্ত নিয়োগের মেয়াদ হবে ২ (দুই) বছর;
- আবেদনপত্র আগামী ২৪/০১/২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আহ্বায়ক, আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি) বরাবর পৌঁছাতে হবে;
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং
- ইতঃপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(মরণ কুমার চক্রবর্তী), ২৬/১/২০২১

অতিরিক্ত সচিব

ও

আহ্বায়ক

আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি  
স্থানীয় সরকার বিভাগ।  
ফোন: ৯৫৫৮৭২৫ (অফিস)